

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

30 August 2011

Ambassador Akramul Qader presents credentials to Colombian President, stresses business to business connectivity

Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader who is also concurrently accredited as ambassador to Brazil, Mexico and Colombia today formally presented his Letter of Credence to Mr. Juan Manuel Santos Calderón, the President of the Republic of Colombia. In the presentation ceremony that took place at the Narino Palace of Bogotá, the Bangladesh Ambassador was given a guard of honour by a smartly turned out contingent of the Presidential Guard Regiment. National anthems of Colombia and Bangladesh were played by the military band during the ambassador's arrival and departure. The ceremony was also attended by Foreign Minister of Colombia, Secretary to the Colombian President, Military Secretary, Chief of Protocol and other senior officials of the Colombian Ministry of Foreign Affairs.

After presenting credentials, Ambassador Qader met with the Colombian President and conveyed the greetings and good wishes of President Md. Zillur Rahman and Prime Minister Sheikh Hasina to the Colombian President which President Santos warmly reciprocated. He also conveyed *Eid greetings* to the Colombian President.

The Colombian President expressed his government's keen interest to work with Bangladesh in important areas such as trade, investment and human development. He noted that climate change adaptation, disaster management, vulnerable group protection are some of the issues equally featuring in both Colombia and Bangladesh's development strategies and work priorities. Ambassador Qader thanked the Colombian President for his assurances and pointed out that the two democratic nations should work together for an enhanced connectivity at both government and business levels. Referring to Bangladesh's recent successes in exporting world class products in sectors such as pharmaceuticals, textile and apparels, ceramic, agro-processing, jute and jute goods, Ambassador Qader suggested that the Colombian business community should seriously look out for the options to buy these products from Bangladesh. Ambassador Qader noted that considering the spread of professional services rendered by different Bangladeshi NGOs in various parts of Latin America, Colombia may also utilize their competence in accordance with its own demands. Ambassador Qader expressed his hope that the

linkages set through the recent visit to Colombia by a high-level fact-finding team from Bangladesh would contribute to expanding bilateral ties in sectors relatively unexplored. On behalf of the President and Prime Minister of Bangladesh, Ambassador Akramul Qader invited the Colombian President to visit Bangladesh. President Santos accepted the invitation and assured that he would pay a visit to Bangladesh at a convenient time in future.

Ambassador Akramul Qader offered his Eid prayer at a mosque in Bogotá and exchanged greetings with members of the Muslim community after the Eid prayer.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্লেস বিজ্ঞপ্তি

৩০ আগস্ট ২০১১

কলম্বিয়ান রাষ্ট্ৰপতির নিকট রাষ্ট্ৰদূত আকরামুল কাদের-এর পরিচয় পত্ৰ প্রদান, ব্যবসায়িক সম্পর্ক জোরদারের
উপর গুরুত্বারোপ

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্ৰদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের, যিনি একইসঙ্গে ব্রাজিল, মেক্সিকো এবং কলম্বিয়ায় সমবর্তী রাষ্ট্ৰদূতের দায়িত্বে নিয়োজিত, অদ্য কলম্বিয়ার রাষ্ট্ৰপতি জনাব জুয়ান মেনুয়েল সনটোস কেলডেরন-এর নিকট পরিচয়পত্ৰ প্রদান করেন। বগোটোর নারিনো প্যালেসে অনুষ্ঠিত এ পরিচয়পত্ৰ প্রদান অনুষ্ঠানে বাংলাদেশ রাষ্ট্ৰদূতকে কলম্বিয়ার প্রেসিডেন্সিয়াল গার্ড রেজিমেণ্টের এক সুসজ্জিত দল গার্ড অব অনার প্রদান করেন। মান্যবর রাষ্ট্ৰদূতের পৌঁছানো এবং বিদায় গ্রহণের সময় সামরিক বাদক দল যথাক্রমে কলম্বিয়া এবং বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানটিতে কলম্বিয়ার পররাষ্ট্রমন্ত্রী, রাষ্ট্ৰপতির সচিব, সামরিক সচিব, রাষ্ট্ৰাচার প্রধান এবং কলম্বিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিচয়পত্ৰ প্রদানের পর রাষ্ট্ৰদূত কাদের কলম্বিয়ার রাষ্ট্ৰপতির সাথে সাক্ষাৎ করেন এবং বাংলাদেশের মহামান্য রাষ্ট্ৰপতি জনাব জিল্লুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে তাঁকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। কলম্বিয়ার রাষ্ট্ৰপতিও প্রত্যুত্তরে উষ্ণ শুভেচ্ছা জ্ঞাপন করেন। রাষ্ট্ৰদূত কলম্বিয়ার রাষ্ট্ৰপতিকে ঈদ শুভেচ্ছাও জানান।

কলম্বিয়ার রাষ্ট্ৰপতি ব্যবসা বাণিজ্য, বিনিয়োগ এবং মানব সম্পদ উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বাংলাদেশের সাথে একত্রে কাজ করার আহ্বহ প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন, বাংলাদেশ এবং কলম্বিয়া উভয় সরকারের উন্নয়ন পরিকল্পনা ও অগ্রাধিকারমূলক কর্মকাণ্ডের মধ্যে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন, দুর্যোগ মোকাবেলা, দুর্বল ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়ন সমান গুরুত্ব পাচ্ছে। রাষ্ট্ৰদূত কাদের কলম্বিয়ান রাষ্ট্ৰপতিকে তাঁর সহযোগিতামূলক আশ্বাসের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, ব্যবসা বাণিজ্য ও সরকারী ক্ষেত্রে আরও

যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে উভয় দেশের কাজ করার সুযোগ রয়েছে। বিভিন্ন পণ্য যেমন- ঔষধ, তৈরী পোশাক, সিরামিকস্, কৃষিজাত পণ্য, পাট ও পাটজাত দ্রব্য রপ্তানীতে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সাফল্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করে রাষ্ট্রদূত কাদের বলেন কলম্বিয়ার ব্যবসায়িক সম্প্রদায় বাংলাদেশ হতে এ সমস্ত পণ্য ক্রয়ের বিষয়টি গভীরভাবে বিবেচনা করে দেখতে পারেন। রাষ্ট্রদূত কাদের উল্লেখ করেন, ল্যাটিন আমেরিকার বিভিন্ন দেশে বেশকিছু বাংলাদেশী এনজিও সেবা প্রদান করছে, কলম্বিয়াও তার প্রয়োজন অনুযায়ী বাংলাদেশী এনজিওসমূহের পেশাগত দক্ষতা কাজে লাগাতে পারে। রাষ্ট্রদূত কাদের আশা প্রকাশ করেন, সাম্প্রতিক সময়ে বাংলাদেশ হতে এক উচ্চ পর্যায়ের তথ্য অনুসন্ধানকারী দলের কলম্বিয়া সফরের ফলে দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীরতর হবে এবং তা অনেক নতুন ক্ষেত্রে বিস্তৃত হবে। বাংলাদেশের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর পক্ষে রাষ্ট্রদূত কাদের কলম্বিয়ার রাষ্ট্রপতিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি সনটোস এ আমন্ত্রণ গ্রহন করেন এবং ভবিষ্যতে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আগ্রহ প্রকাশ করেন।

রাষ্ট্রদূত কাদের বগোটোর একটি মসজিদে ঈদ জামাতে অংশগ্রহন করেন এবং স্থানীয় মুসলিম সম্প্রদায়ের সদস্যদের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইলঃ pressministerwash@yahoo.com